

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১০৯

১/ ঈমান

পরিচ্ছেদঃ জ্বিন ও শয়তান জগৎ

## আরবী

عَن سُهَيْلٍ قَالَ أَرْسَلَنِى أَبِي إِلَى بَنِى حَارِقَةَ \_ قَالَ وَمَعِى غُلاَمٌ لَنَا أَوْ صَاحِبٌ لَنَا \_ فَنَادَاهُ مُنَادٍ مِنْ حَائِطٍ بِاسْمِهِ قَالَ \_ وَأَشْرَفَ الَّذِى مَعِى عَلَى الْحَائِطِ فَلَمْ يَرَ شَيْئًا فَذَكَرْتُ ذَلِكَ لأَبِى فَقَالَ لَوْ شَعَرْتُ أَنَّكَ تَلْقَى هَذَا لَمْ أُرْسِلْكَ وَلَكِنْ إِذَا سَمِعْتَ صَوْتًا فَنَادِ فَذَكَرْتُ ذَلِكَ لأَبِى فَقَالَ لَوْ شَعَرْتُ أَنَّكَ تَلْقَى هَذَا لَمْ أُرْسِلْكَ وَلَكِنْ إِذَا سَمِعْتَ صَوْتًا فَنَادِ بِالصَّلاَةِ فَإِنِّى سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يُحَدِّثُ عَن رَسُولِ اللهِ عَلَيْ أَنَّهُ قَالَ إِنَّ الشَّيْطَانَ إِذَا نُودِى بِالصَّلاَةِ وَلَى وَلَهُ حُصَاصٌ نُودِى بِالصَّلاَةِ وَلَى وَلَهُ حُصَاصٌ

## বাংলা

(১০৯) সুহাইল বলেন, একদা আমার আববা আমাকে বনী হারেসায় পাঠান। আমার সঙ্গে ছিল এক সঙ্গী। এক বাগান হতে কে যেন নাম ধরে আমার সঙ্গীকে ডাক দিল। আমার সঙ্গী বাগানে খুঁজে দেখল; কিন্তু কাউকে দেখতে পেল না। ফিরে এলে আববার নিকট সে কথা উল্লেখ করলাম। আব্বা বললেন, যদি জানতাম যে, তুমি এই দেখতে পাবে, তাহলে তোমাকে পাঠাতাম না। তবে শোন! যখন (এই ধরনের) কোন শব্দ শুনবে, তখন নামাযের মত আযান দিয়ো। কারণ, আমি আবু হুরাইরা (রাঃ) কে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে হাদীস বর্ণনা করতে শুনেছি, তিনি বলেছেন, নামাযের আযান দেওয়া হলে শয়তান পাদতে পাদতে পালিয়ে যায়।

## ফুটনোট

(মুসলিম ৮৮৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন